




যুক্তরাষ্ট্রের হুমকিতে ভীত নয় ইরান: পেজেশকিয়ান



ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের হুমকিতে ইরানের জনগণ ভয় পায় না বলে মন্তব্য করেছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তিনি বলেছেন, জীবনের শেষ দিন পর্যন্ত ইরানের মানুষের সেবা করে যাবেন। এদিকে, যুদ্ধ বন্ধে নিজেদের শর্ত থেকে সরে আসতে রাজি নয় তেহরান।

তেহরানে আন্তর্জাতিক গ্রামীণ ও যাযাবর জনগোষ্ঠীর সক্ষমতা প্রদর্শনীতে বক্তব্য দেওয়ার সময় এসব কথা বলেন পেজেশকিয়ান। তিনি বলেন, শত্রুপক্ষের হুমকি ইরানের জনগণকে ভীত করতে পারবে না। যত দিন বেঁচে থাকবেন, তত দিন দেশের মানুষের সেবায় নিয়োজিত থাকবেন বলেও জানান তিনি।

যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক চাপের মধ্যেও যুদ্ধ বন্ধের বিষয়ে নিজেদের অবস্থানে অনড় রয়েছে ইরান। গত মাসে দেওয়া সর্বশেষ শান্তি প্রস্তাবে তেহরান কয়েকটি শর্ত তুলে ধরে। এর মধ্যে রয়েছে আঞ্চলিক যুদ্ধবিরতি কার্যকর করা, জন্ম করা ইরানি সম্পদ ছাড়, দেশটির তেল রপ্তানির ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ বন্ধ করা। এসব শর্ত পূরণ হলে সাত দিনের মধ্যে হরমুজ প্রণালি খুলে দেওয়ার প্রস্তাব দেয় ইরান। তবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সেই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন।

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ হরমুজ প্রণালি দিয়ে বিপুল পরিমাণ অপরিিশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাস পরিবহন করা হয়। এ পথে চলাচল বাধাগ্রস্ত হলে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ও বাজারে এর প্রভাব পড়তে পারে।

ইরান যুদ্ধ বন্ধে শর্ত পূরণের ওপর গুরুত্ব দিচ্ছে, অন্যদিকে যুক্তরাষ্ট্রও নিজেদের অবস্থানে অনড় থাকায় দুই দেশের মধ্যে সমঝোতার সম্ভাবনা এখনো অনিশ্চিত।